

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/০৮ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৬১-আইন/২০১৬/৭৪৮-মুসক।—উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৫ (২০১৫ সনের ২০ নং আইন) এর ধারা ৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ৩ এর দফা (ক) এ আরোপিত উন্নয়ন সারচার্জ আদায়ের লক্ষ্যে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম।—এই বিধিমালা উন্নয়ন সারচার্জ (আরোপ ও আদায়) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আইন” অর্থ উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৫ (২০১৫ সনের ২০নং আইন); এবং

(খ) “মোবাইল অপারেটর” অর্থ পণের বিনিময়ে Subscriber’s Identity Module (SIM) কার্ড, Removable User Identification Module (RUIM) কার্ড বা অনুরূপ অন্য কোন Microchip সম্বলিত কার্ডের বা একই উদ্দেশ্য পূরণকল্পে উল্লিখিত কার্ড ব্যতীত Code Division Multiple Access (CDMA) বা অনুরূপ অন্য কোন পদ্ধতির ব্যবহারের মাধ্যমে সেলুলার টেলিফোন (Mobile/Fixed Wireless) সংযোগ প্রদানকারী সংস্থা বা কোম্পানী।

(২০৩৩)

মূল্য : টাকা ৪.০০

৩। সারচার্জ আরোপ।—সরকার মোবাইল অপারেটর কর্তৃক সিম বা রিম কার্ড বা মেমোরী কার্ড ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্ত সর্বমোট অর্থ বা আয়ের উপর আইনের প্রথম তফসিলে নির্ধারিত ১% (এক শতাংশ) হারে উন্নয়ন সারচার্জ আরোপ করিল।

#### উদাহরণ

কোন মোবাইল অপারেটর সিম বা রিম কার্ড বা মেমোরী কার্ড ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবার বিনিময়ে ১০০ (একশত) টাকা আয় করিলে সংশ্লিষ্ট মোবাইল অপারেটরকে উক্ত আয়ের উপর ১% (এক শতাংশ) হারে এক টাকা উন্নয়ন সারচার্জ প্রদান করিতে হইবে।

৪। সারচার্জ পরিশোধ পদ্ধতি।—বিধি ৩ এর অধীন আরোপিত উন্নয়ন সারচার্জ ট্রেজারী চালানের বা ইলেক্ট্রনিক ট্রান্সফারের মাধ্যমে অর্থ বিভাগ কর্তৃক সুনির্দিষ্টকৃত অর্থনৈতিক কোডে মোবাইল অপারেটর কর্তৃক জমা প্রদান করিতে হইবে।

৫। আদায়কৃত সারচার্জ সম্পর্কিত প্রতিবেদন দাখিল।—মোবাইল অপারেটর কর্তৃক বিধি ৪ এর অধীন পরিশোধিত সারচার্জের বিবরণী এই বিধিমালার সহিত সংযোজিত ফরম এ সরকার বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা কর্তৃপক্ষের নিকট পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে মাসিক রাজস্ব বিবরণীর সহিত পৃথকভাবে দাখিল করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

ফরম

[বিধি-৫ দ্রষ্টব্য]

## উন্নয়ন সারচার্জ এর মাসিক বিবরণী

মেয়াদ :  মাস  বৎসর

মোবাইল অপারেটরের নাম :

ঠিকানা সহ আনুষঙ্গিক তথ্যাবলী :

মূসক সনাক্তকারী সংখ্যা :

অর্থনৈতিক কোড :

সিম বা রিম বা মেমোরী কার্ডের মাধ্যমে পদন্ত সেবার বিনিময়ে প্রাপ্ত সর্বমোট অর্থ বা আয় (অঙ্কে ও কথায়)	জমাকৃত সারচার্জের পরিমাণ (অঙ্কে ও কথায়)

শর্ত :

- (১) জমাকৃত ট্রেজারী চালানের অনুলিপি; এবং
- (২) ইলেকট্রনিক পদ্ধতিতে সারচার্জ প্রদানের ক্ষেত্রে গ্রহণযোগ্য প্রমাণপত্র।

তারিখ :

(.....)

মোবাইল অপারেটর।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd